গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
(স্থানীয় সরকার শাখা)
www.magura.gov.bd

## ১৪৩১ বঙ্গাব্দের জন্য ফেরী/খেয়াঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগের জারীকৃত নীতিমালা অনুসারে মাগুরা জেলায় ইজারাযোগ্য নিম্নোক্ত ০৫টি ফেরী/খেয়াঘাট ১৪৩১ বঙ্গাব্দে এক বছর মেয়াদের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত খামে নিম্নলিখিত তারিখ ও সময়ে দরপত্র আহবান করা যাচ্ছে। ১ম বার দরপত্রে কাঙ্খিত দর পাওয়া না গেলে ২য় পর্যায়ের দরপত্র কার্যকর হবে। অনুরুপভাবে ২য় বার দরপত্রে কাঙ্খিত দর পাওয়া না গেলে ৩য় পর্যায়ের দরপত্র কার্যকর হবে।

### ইজারাযোগ্য ফেরী/খেয়াঘাটের বিবরণ :

| ক্র: নং | ফেরী/খেয়া ঘাটের নাম | ১৪৩১ বাংলা সনের জন্য সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|
| ১ | শত্রুজিৎপুর ফেরী/খেয়াঘাট | ১২,৭৭৭/- |
| ২ | নহাটা ফেরী/খেয়াঘাট | ৩৩,০০০/- |
| ৩ | রাড়ীখালী ফেরী/খেয়াঘাট | ১০,২৬৬/- |
| ৪ | নাকোল ফেরী/খেয়াঘাট | ২৭,৫০০/- |
| ৫ | লাঙ্গলবাঁধ ফেরী/খেয়াঘাট | ৪,৬১,৪৫০/- |

### দরপত্র সংক্রান্ত তথ্যাবলী:

| ক্রমিক নং | দরপত্রের ক্রমিক নং | দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র কমিটির সভার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম | ২৮.০৩.২০২৪ অফিস চলাকালীন | ৩১.০৩.২০২৪ বেলা ১.০০ টা | ৩১.০৩.২০২৪ বিকাল ০৩.০০ টা | ৩১.০৩.২০২৪ বিকাল ০৩.৩০ টা |
| ২ | ২য় | ০৩.০৪.২০২৪ অফিস চলাকালীন | ০৪.০৪.২০২৪ বেলা ১.০০ টা | ০৪.০৪.২০২৪ বিকাল ০৩.০০ টা | ০৪.০৪.২০২৪ বিকাল ০৩.৩০ টা |
| ৩ | ৩য় | ০৮.০৪.২০২৪ অফিস চলাকালীন | ০৯.০৪.২০২৪ বেলা ১.০০ টা | ০৯.০৪.২০২৪ বিকাল ০৩.০০ টা | ০৯.০৪.২০২৪ বিকাল ০৩.৩০ টা |

দরপত্রের শর্তাবলী:

১। জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা এবং উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, মাগুরা সদর/মহম্মদপুর/ শ্রীপুর হতে ১০০০/-টাকা মূল্যের (অফেরতযোগ্য) দরপত্র ফরম ক্রয় করা যাবে এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত কার্যালয়সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে।

২। দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% হারে মাগুরা জেলার যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, মাগুরা এর অনুকূলে জামানতস্বরূপ জমা দিতে হবে।

৩। ফেরী/খেয়াঘাট ইজারার ক্ষেত্রে সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। তবে জন্মগত/পেশাদার পাটনীকে অগ্রাধিকার দেয়া হবে এবং জন্মগত/পেশাদার পাটনীদের ক্ষেত্রে বৈধ সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য, জন্মগত পেশাদার পাটনী মর্মে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর থাকতে হবে ।

৪। দরপত্র খোলার সময় দরদাতা উপস্থিত থাকতে পারবে এবং দরপত্র গৃহীত হওয়ার পর নির্বাচিত দরদাতাকে পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অবশ্যই সমুদয় অর্থ একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল ও জামানত বাজেয়াপ্ত হবে।

৫। সমুদয় ইজারামূল্য পরিশোধ অন্তে নির্বাচিত দরদাতাকে নিজ খরচে ২৫০/-টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৬। ইজারাদার কোন অবস্থায় ফেরী/খেয়াঘাটের কোন অংশ সাব-লিজ দিতে পারবে না এবং ফেরী/খেয়া ঘাট যেখানে যে অবস্থায় আছে তদাবস্থায় দরপত্রের মাধ্যমে ইজারা গ্রহণ করতে হবে। দরপত্র দাখিলের পূর্বে ফেরী/খেয়া ঘাট সম্পর্কে সরেজমিন প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।



CamScanner

৭। প্রত্যেকটি ফেরী/খেয়া ঘাটের জন্য আলাদাভাবে দরপত্র দাখিল করতে হবে। কোন প্রকার ঘষামাজা/অস্পষ্ট দরপত্র গ্রহণ করা হবে না।

৮। ফেরী/খেয়া ঘাট ইজারা বছরের যে কোন সময় চূড়ান্ত হলেও তার মেয়াদ ১লা বৈশাখ ১৪৩১ হতে কার্যকর হবে এবং ৩০ চৈত্র ১৪৩১ শেষ হবে।

৯। নির্বাচিত দরদাতাকে প্রদত্ত দরের ৫% আয়কর এবং ১৫% ভ্যাট হিসেবে সরকারি কোষাগারে জমা দিতে হবে।

১০। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারিকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বোচ্চ দরপত্র সংরক্ষিত রেখে পুন:দরপত্র আহবান করতে পারবেন।

১২। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচন করে ফেরী/খেয়া ঘাট ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

১৩। ফেরী/খেয়াঘাটে যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবে।

১৮.০৩.২৪

মোহাম্মদ আবু নাসের বেগ
জেলা প্রশাসক, মাগুরা
ও
আহবায়ক
ফেরী/খেয়া ঘাট ইজারা সংক্রান্ত আন্ত:উপজেলা কমিটি
মাগুরা

স্মারক নং ৪৬.৪৪.৫৫০০.০১০.১২.০০৬.২৩-৬৮/১(১৪)

তারিখ : ০৪ চৈত্র ১৪৩০ / ১৮ মার্চ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

বিতরণ কার্যার্থে :

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা (তাকে সভার ধার্য তারিখ যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।

২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর, মাগুরা (তাকে সভার ধার্য তারিখ যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।

৩। জেলা তথ্য অফিসার,মাগুরা (তাকে মাইকযোগে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৪। সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা (তাকে জেলার ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তিটি আপলোডের অনুরোধ করা হলো)।

৫। চেয়ারম্যান, শত্রুজিৎপুর/রাজাপুর/নহাটা/নাকোল/আমলসার/গয়েশপুর ইউনিয়ন পরিষদ (তাকে সভার ধার্য তারিখ যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।

৬। ইউপি সচিব, শত্রুজিৎপুর/রাজাপুর/নহাটা/নাকোল/আমলসার/গয়েশপুর ইউনিয়ন পরিষদ (তার আওতাধীন হাট-বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৭। অফিস কপি।

১৮/০৩/২০২৪

উপপরিচালক
স্থানীয় সরকার, মাগুরা
ও
সদস্য সচিব
ফেরী/খেয়া ঘাট ইজারা সংক্রান্ত আন্ত:উপজেলা কমিটি
মাগুরা।

CamScanner